

“মোহ”

-----মোঃ গোলাম মোস্তফা

বিনিদ্র রজনীর নির্জন খেয়াতলে  
একাকি বসে আপন মনে,  
গেয়ে চলেছি জীবনের গান।  
আমি এক আলো আধারের অভিযাত্রী।  
কী করার ছিলো আর কিইবা করছি?  
হিসেব মেলে না, কেনই বা মিলবে।  
পৃথিবীর মোহে মিথ্যে ভালোবাসার টানে  
মহান স্বত্বা কর্তৃক অর্পিত দায়িত্ব  
পালনের বিন্দুমাত্র প্রচেষ্টা  
করেছি বলে মনে হয় না।  
কেবলই পার্থিব চাওয়া পাওয়ার  
হিসেবে মত্ব থেকে আত্মার  
পবিত্রতা নষ্ট করেছি।  
যানি, হয়তবা কিছুক্ষণ বাদেই  
না পাবার গ্লানি ভুলে  
ভব মোহে নিমজ্জিত হয়ে যাবো।  
তবুও শান্তনা এটুকুই, আর যাই হোক  
ভাবতে তো শিখেছি।

